

2nd Sem. History Hons. Paper 3, Unit - 4

Short Question

1. কোন রাজবংশের আমলে গান্ধারশিল্পের বিকাশ ঘটেছিল ?

উত্তর:- কুষাণ রাজবংশের আমলে গান্ধারশিল্পের বিকাশ ঘটেছিল।

2. কোন যুগে প্রধানত অজন্তার গুহাচিত্র অঙ্কিত হয়েছিল ?

উত্তর:- গুপ্তযুগে প্রধানত অজন্তার গুহাচিত্র অঙ্কিত হয়েছিল।

3. মৌর্য স্থাপত্য শিল্পের দুটি বৈশিষ্ট্য লেখ?

উত্তর - এক, পরিকল্পনায় ও আয়তনে মৌর্য শিল্পে নিদর্শনগুলি অতিবৃহৎ। দুই, পাটলিপুত্রের প্রাসাদ ছাড়া অন্যান্য স্থাপত্যকর্ম কঠিনগুলি কঠিন ধূসর বর্ণের বিরাট শিলাখণ্ড দিয়ে তৈরি।

4. মৌর্য স্থাপত্য শিল্পের দুটি উদাহরণ দাও?

উত্তর - কুমরাহারের রাজপ্রাসাদ। বরাবর ও নাগার্জুনী পাহাড়ের গুহাচৈত্য।

5. অশোক কত হাজার স্তূপ তৈরী করেন?

উত্তর - ৮৪ হাজার।

6. মৌর্য যুগের যক্ষ-যক্ষিণী মূর্তি কোথায় পাওয়া গিয়েছে?

উত্তর- পাটনা ,দিদারগঞ্জ ,লোহানিপুর, মথুরাপ্রভৃতি স্থানে।

7. গান্ধার শিল্প সম্পর্কে লেখ?

উত্তর কুষাণ আমলে ভারতের উত্তর পশ্চিম প্রান্তে গান্ধার অঞ্চলে এক নতুন ধরনের শিল্পের বিকাশ ঘটে, যা গান্ধার শিল্পরীতি নামে পরিচিত। এই শিল্প রীতির বৈশিষ্ট্য হলো- পাথর, বালি বা প্লাস্টার অফ প্যারিস, পোড়া মাটি ও মাটি দিয়ে তৈরি মূর্তি গঠন। মূর্তি গুলির উপর সোনালী বা অন্য রঙের প্রলেপ দান। মানুষের শরীরকে জীবন্ত ভাবে তুলে ধরার চেষ্টা করা হত এই শিল্প রীতিতে। কুষাণ রাজ কনিষ্কের সময় গান্ধার শিল্পের

পরিপূর্ণ বিকাশ ঘটতে দেখা যায়।

8. মথুরা শিল্পরীতি সম্পর্কে লেখ?

উত্তর - মথুরা শিল্প বিকাশ লাভ করে খ্রিস্ট পূর্ব দ্বিতীয় শতকের মাঝামাঝি থেকে খ্রিস্টীয় প্রথম শতাব্দি পর্যন্ত। মথুরা শিল্পের শিল্পীরা লাল বেলেপাথর ব্যবহার করত। শিল্প ভারতের প্রাচীনতম শিল্পকলা। এই মথুরা শিল্প নিদর্শন পাওয়া গেছে ভারতহত, গয়া ও সাঁচীতে। মস্তকহীন কনিষ্ক মূর্তি মথুরা শিল্পরীতি নির্মিত।

9. অমরাবতী শিল্প সম্পর্কে লেখ?

উত্তর - অমরাবতী শিল্প গড়ে ওঠে নিম্ন কৃষ্ণ গোদাবরী অঞ্চলে। এটি খৃষ্টপূর্ব দ্বিতীয় শতকের মাঝামাঝি থেকে খ্রিস্টীয় তৃতীয় শতক পর্যন্ত এই শিল্পীর পুরোপুরি বিকাশ ঘটেছিল। এই শিল্পের প্রধান কেন্দ্র ছিল অমরাবতী , নাগার্জুন ও জগইপেটা। এই শিল্পের সাদা মার্বেল পাথর ব্যবহার করত।

10. গুপ্ত যুগে নির্মিত কয়েকটি স্থাপত্যকর্মের নাম লেখ?

উত্তর - দেওঘরের দশাবতার মন্দির, ভিতগাও এর ইষ্টক মন্দির, সাঁচীর বিষ্ণুমন্দির প্রভৃতি উল্লেখযোগ্য